

ইউনিয়ন পরিষদ নির্বাচন-২০২১ উপলক্ষে মনোনয়নপত্র গ্রহণ ও দাখিলের নিয়মাবলী

মনোনয়নপত্র সংগ্রহের সময় ছবিছাড়া ভোটার তালিকার সিডি ক্রয়ের মূল্য বাবদ ৫০০/- টাকা ট্রেজারী চালানোর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা দিয়ে চালানোর মূলকপি সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের কার্যালয়ে জমা দিয়ে মনোনয়নপত্র গ্রহণ করতে হবে।

ভোটার তালিকার সিডি ক্রয়ের টাকা জমা দেয়ার কোড নম্বরঃ ১-০৬০১-০০০১-২৬৩১

<b>জামানত সম্পর্কিত তথ্যঃ-</b>	(ক) চেয়ারম্যান পদে জামানত	৫০০০/- (পাঁচ হাজার) টাকা
	(খ) সংরক্ষিত আসনের সদস্য পদে জামানত	১০০০/- (এক হাজার) টাকা
	(গ) সাধারণ আসনের সদস্য পদে জামানত	১০০০/- (এক হাজার) টাকা

জামানতের টাকা জমা দেয়ার কোড নম্বরঃ ৬-০৬০১-০০০১-৮৪৭৩চেয়ারম্যান পদে প্রার্থীর ক্ষেত্রেঃ-

(ক) শুধু চেয়ারম্যান পদের প্রার্থীদের নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য মনোনয়নপত্র দাখিলের পূর্বেই সরকারি অথবা বেসরকারি যে কোন তফসিলী ব্যাংকে একটি নতুন একাউন্ট খুলতে হবে। একাউন্ট খোলার স্বপক্ষে ব্যাংক ম্যানেজারের প্রত্যয়ন সংযুক্ত করতে হবে। উক্ত একাউন্টের মাধ্যমে নির্বাচনি সকল ব্যয় পরিচালনা করতে হবে। উল্লেখ্য যে, নির্বাচনি সকল ব্যয় উক্ত একাউন্ট হতে করতে হবে। নির্বাচন সম্পন্ন হওয়ার পর গেজেট প্রকাশের ৩০ দিনের মধ্যে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি ব্যয় রিটার্নিং দাখিল বাধ্যতামূলক।

(খ) চেয়ারম্যান পদে দলীয় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী ব্যক্তির নিকট হতে স্বাক্ষর ও সিলমোহরযুক্ত দলীয় মনোনয়ন সংযুক্ত করতে হবে।

মনোনয়নপত্র পূরণ/জমা দেয়ার সময় যে সব কাগজ সংযুক্ত করতে হবে

- (ক) জামানতের টাকা জমা দেয়ার ট্রেজারী চালানোর মূলকপি।  
 (খ) সিডি ক্রয় বাবদ টাকা জমা দেয়ার ট্রেজারী চালানোর ফটোকপি।  
 (গ) নির্বাচনি ব্যয় নির্বাহ করিবার জন্য অর্থ প্রাপ্তির সম্ভাব্য উৎসের বিবরণী (ফরম-৮) সংযুক্ত করতে হবে।  
 (ঘ) প্রার্থীর পাসপোর্ট সাইজের রঞ্জন ১ কপি সত্যায়িত ছবি মনোনয়নপত্রের নিদিষ্ট স্থানে স্ট্যাপল করে লাগাতে হবে এবং ২ কপি অতিরিক্ত ছবি জমা দিতে হবে।  
 (ঙ) প্রার্থী আয়কর দাতা হলে সম্পদ বিবরণী সম্বলিত ( ১০বি ফরম ) সর্বশেষ দাখিলকৃত আয়কর রিটার্নের কপি এবং কর পরিশোধের প্রমাণ পত্রের কপি।  
 (চ) প্রস্তাবকারী, সমর্থনকারী ও প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং ভোটার তালিকার যে পৃষ্ঠায় নাম আছে সে পৃষ্ঠার ফটোকপি সংযুক্ত করতে হবে।  
 (ছ) প্রার্থীর নিজ নাম, পিতার নাম, মাতার নাম বিবাহিত মহিলার ক্ষেত্রে স্বামীর নাম বাংলা ও ইংরেজীতে CAPITAL LETTER (বড় হাতের অক্ষরে) CIB ফরম লিখে জমা দিতে হবে।  
 (জ) মনোনয়নপত্র কালো বল পয়েন্ট কলম দ্বারা হস্তাক্ষরে পূরণ করতে হবে। কাটাকাটি/খঁষামাজা/ফ্লুইড ব্যবহার করা যাবে না।  
 (ঝ) মনোনয়নপত্রসহ সকল কাগজপত্রাদি A৪ সাইজের কাগজে ০২ সেট ফটোকপিসহ মোট ০৩ সেট আলাদাভাবে জমা দিতে হবে।

<b>নির্বাচনি ব্যয়ের সীমাঃ-</b>	<b>পদের নাম</b>	<b>ব্যক্তিগত ব্যয়</b>	<b>নির্বাচনি ব্যয়</b>
	চেয়ারম্যান পদে	৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা	সর্বোচ্চ ০৫ (পাঁচ) লক্ষ টাকা
	সংরক্ষিত আসনের সদস্য পদে	১০,০০০/- (দশ হাজার) টাকা	সর্বোচ্চ ০১ (এক) লক্ষ টাকা
	সাধারণ আসনের সদস্য পদে	১০,০০০/- (দশ হাজার) টাকা	সর্বোচ্চ ০১ (এক) লক্ষ টাকা

**মনে রাখবেন-** মনোনয়নপত্র জমা দেওয়ার নির্ধারিত দিনের শেষ সময় বিকাল ৫.০০ টা। বিকাল ৫.০০ টার পর কোন ক্রমে বা কোন কারন দেখালেও মনোনয়ন ফরম জমা নেওয়া হবে না। শূন্য, শনি ও বন্ধের দিনেও মনোনয়নপত্র জমা দেওয়া যাবে।

উল্লেখ্য যে, অফিসের কাজের সুবিধার্থে এবং ভীর এড়াতে শেষ দিনের পূর্বেই (২৪ তারিখের মধ্যে) মনোনয়ন জমা দেয়া যাবে।

নির্বাচনে বিভিন্ন পদের প্রতীক সমূহ					
চেয়ারম্যান পদে প্রতীক (শুধুমাত্র স্বতন্ত্র প্রার্থী)		সংরক্ষিত আসনের প্রতীক		সাধারণ আসনের প্রতীক	
১। অটোরিক্সা	৬। টেলিফোন	১। কলম	৬। বক	১। আপেল	৭। টর্চ লাইট
২। আনারস	৭। চশমা	২। ক্যামেরা	৭। সঁকো	২। ক্রিকেট ব্যাট	৮। ভ্যান গাড়ি
৩। ঘোড়া	৮। দুটি পাতা	৩। তালগাছ	৮। মাইক	৩। ঘুড়ি	৯। বৈদ্যুতিক পাখা
৪। টেবিল ফ্যান	৯। মোটর সাইকেল	৪। জিরাফ	৯। হেলিকপ্টার	৪। টিউবওয়াল	১০। মোরগ
৫। ঢোল	১০। রজনীগন্ধা	৫। বই	১০। সূর্যমুখী ফুল	৫। পানির পাম্প	১১। লাটিম
				৬। ফুটবল	১২। তাল

নির্বাচনি আচরণ বিধি মেনে চলুন, সুষ্ঠু নির্বাচনে সহযোগিতা করুন

(গোলাম সারোয়ার)

উপজেলা প্রকৌশলী

ও

রিটার্নিং অফিসার

(সৈয়দপুর শাহারপাড়া ও আশারকান্দি ইউপি সাধারণ নির্বাচন-২০২১)